## অত্র শ্রম কল্যাণ কেন্দ্রের সার্বিক কার্যক্রম ঃ-

**১. চিকিৎসা সেবা ঃ** সকল সরকারী কার্য দিবসে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যগনের মধ্যে ডিজিটাল পদ্ধতিতে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ঔষধ বিতরণ করা হয়। সেবা দানের প্রক্রিয়াটি সিনিয়র মেডিকেল অফিসার ও মেডিকেল অফিসার দ্বারা পরিচালিত হয়, তাকে সহায়তা করেন ফার্মাসিষ্ট ও ডিসপেন্সারী এ্যাটেনডেন্ট। এছাড়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে।



বিভিন্ন কলকারখানা থেকে আগত শ্রমিক ও শ্রমিক পরিবারবৃন্দ চিকিৎসা সেবা প্রদান করছেন
ডাঃ সৈয়দা নূরুন নাহার ইসলাম, সিনিয়র মেডিকেল অফিসার শ্রম কল্যাণ কেন্দ্র তেজগাঁও, ঢাকা।



বিভিন্ন কলকারখানা থেকে আগত শ্রমিক ও শ্রমিক পরিবারবৃন্দ চিকিৎসা সেবা গ্রহন করছেন অত্র কেন্দ্রের
ডাঃ মোঃ খাইরুল ইসলাম, মেডিকেল অফিসার এবং ঔষধ বিতরণ করছেন জনাব অসীম কুমার মিরবর, ফার্মাসিষ্ট

**২. পরিবার পরিকল্পনা সেবা ঃ** শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও সরকারী কর্মদিবসে শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যগনের মধ্যে বিনামূল্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া বিভিন্ন কল-কারখানা শিল্প প্রতিষ্ঠান ও কলোনীতে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরিদর্শিকা ও আয়ার মাধ্যমে জন্মনিয়ন্ত্রণ পরামর্শ, সামগ্রী এবং সেবা সরাসরি পৌছে দেয়া হয়।



পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম।

**৩. বিনোদন সেবা ঃ** সকল সরকারী কার্য দিবসে বিনামূল্যে শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যরা সংবাদপত্র, টিভি, বই পুস্তক, খেলাধুলার সরঞ্জাম ও সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে বিনোদন সেবা গ্রহণ করেন। সেবাটি দুইজন শ্রম কল্যাণ সংগঠকের মাধ্যমে প্রদান করা হয়। এছাড়া শ্রমিকদের জীবন যাত্রার মান উন্নয়নে করণীয় সর্ম্পকে পরামর্শ ও শ্রমিক কলোনী পরিদর্শন করা হয় ।



বিনোদন সেবা কার্যক্রম

**৪. প্রশিক্ষণ সেবা ঃ** ০৫ (পাঁচ) দিন ব্যাপি প্রশিক্ষণ কোর্সে বিভিন্ন শিল্প কলকারখানায় হতে আগত প্রশিক্ষণার্থীদেরকে দৈনিক ৩০০/- টাকা হারে ভাতা ও প্রশিক্ষণ সামগ্রী প্রদান করা হয়। যা পরিচালনা করেন সহকারী পরিচালক ও জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা।





০৫ (পাঁচ) দিন ব্যাপী শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীদের মাঝে প্রশিক্ষণ সামগ্রী বিতরণ।



০৫ (পাঁচ) দিন ব্যাপি শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সে শ্রম প্রশাসন ও শ্রম আইন বিষয়ে বক্তব্য রাখছেন জনাব ফাহমিদা আখতার, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর, ঢাকা।



০৫ (পাঁচ) দিন ব্যাপি শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ কি ? উহার গুরুত্ব ও তাৎপর্য বিষয়ে বক্তব্য রাখছেন জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।